বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা- ১৩৪৩

www.bpatc.org.bd

২৯/০৩/২০১৮ তারিখ অনুষ্ঠিত অনুষদ সভার কার্যবিবরণী

সভাপতি	: ড. এম আসলাম আলম, রেক্টর (সিনিয়র সচিব)
সভার তারিখ	: ২৯ মার্চ ২০১৮
সভার সময়	: সকাল ১১:০০ মি:
স্থান	: কনফারেন্স রুম, আইটিসি ভবন
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটির ২০তম সভার বিভিন্ন সিদ্ধান্ত সম্পর্কে অনুষদ সদস্যবৃন্দকে অবহিত করা হয়। তন্মধ্যে বিপিএটিসি কর্তৃক নির্ধারিত কতিপয় অনিষ্পন্ন বিষয় (শতভাগ প্রশিক্ষণ ভাতা, ফ্রি-আবাসন সুবিধা, কোর কোর্সসমূহের মেয়াদ বৃদ্ধিকরণ ইত্যাদি)-এর সফল বাস্তবায়নে ইতিবাচক সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

তাছাড়া বিশ্বখ্যাত emerald insight এর International Journal of Productivity and Performance Management এর Vol. 67, Issue 4, PP. 611-628 সংখ্যায় 'Proactive transparency and outward accountability of frontline public bureaucracies: An integrated model' শিরোনামে একটি প্রবন্ধ প্রকাশিত হওয়ায় কেন্দ্রের অনুষদ সদস্য ড. মোঃ মোরশেদ আলম, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তাকে আনুষ্ঠানিকভাবে সভায় **অভিনন্দন** জানানো হয়।

অতঃপর সভার কাজ আনুষ্ঠানিকভাবে শুরু করার জন্য পরিচালক (পিপিআর)-কে অনুমতি দেয়া হয়। সভায় ধারাবাহিকভাবে বিষয়ওয়ারী আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ: সভার প্রথমেই বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিষয়ওয়ারী সিদ্ধান্তসমূহ:

আলোচ্য বিষয়	**সিদ্ধান্ত**
১. Assignment-সমূহে Plagiarism বন্ধ করার নিমিত্তে Turn-it-in Software-এর ব্যবহার।	এসিএডি, এসএসসি এর Policy Paper, Seminar Paper এবং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের Research Module-এর Report-এর ক্ষেত্রে Turn-it-in Software ব্যবহার নিশ্চিত করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট মডিউল পরিচালক ও পরিচালক (মূল্যায়ন)।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
২. সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন কর্মশালার আয়োজন করা।	চলমান কোর্সসমূহের মডিউল-পরিচালকদের সমন্বয়ে গত ২২/০২/২০১৮ তারিখে সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন এবং উত্তরপত্র মূল্যায়ন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার Follow-up Workshop শীঘ্রই আয়োজন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (মূল্যায়ন)।
৩. Moderation Committee-এর কার্যক্রম।	সংশ্লিষ্ট মডিউল পরিচালক পঠিত বিষয়সমূহ সম্পর্কে Moderation Committee–এর সদস্যগণকে সঠিকভাবে অবহিত করবেন। Moderation Committee–যথার্থভাবে প্রশ্নপত্র পরিবর্তন করার এখতিয়ার রাখবেন কিন্তু পঠিত বিষয় সম্পূর্ণ পরিবর্তন করা যাবে না এবং পড়ানো হয়নি এমন বিষয় প্রশ্নপত্রে রাখা যাবে না। বাস্তবায়নে: সকল কোর্সের মডিউল পরিচালকগণ ও প্রশ্নপত্র Moderation Committee.
৪. IELTS ভিত্তিক মডিউল পরিচালনার জন্য British Council-এর সাথে চুক্তি।	সংশ্লিষ্ট মডিউল সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত British Council-এর সাথে চুক্তির জন্য বাজেটসহ নির্দিষ্ট প্রস্তাবনা সম্বলিত পত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)।
৫. Clinical Psychologist নিয়োগ।	সপ্তাহে একদিন ভিত্তিক Clinical Psychologist নিয়োগের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে ঢাকা থেকে Clinical Psychologist নিয়োগের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) ও কেন্দ্রের মেডিক্যাল অফিসার।
৬. Faculty বা Resource Person কর্তৃক সকল ক্যাডারের প্রতি সমান আচরণ নিশ্চিতকরণ।	Faculty বা Resource Person কর্তৃক সকল ক্যাডারের প্রতি সমান আচরণ করতে হবে। পক্ষপাতমূলক আচরণ করা হলে তাদের চিহ্নিত করতঃ ভবিষ্যতে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমে তাদের অন্তর্ভুক্ত করা থেকে বিরত রাখাসহ তদন্ত সাপেক্ষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে অফিস আদেশ জারি করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)।
৭. Vigilance Team-এর কার্যপরিধি।	Vigilance Team কেন্দ্রে চলমান সকল প্রশিক্ষণ কোর্সে মনিটরিং এর দায়িত্ব পালন করবে। ৯.১.২০১৮ তারিখে অনুষ্ঠিত অনুষদ সভার সিদ্ধান্তের সংশোধনক্রমে Vigilance Team এর কর্মপরিধি সকল কোর্সের জন্য প্রযোজ্য হবে। বাস্তবায়নে: Vigilance Team

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
৮. বিপিএটিসি অনুষদবর্গের সৌজন্য উপহার গ্রহণ প্রসঙ্গ।	প্রশিক্ষণার্থী কিংবা প্রশিক্ষণার্থীদের সমন্বয়ে গঠিত কোন কমিটির নিকট হতে অনুষদবর্গ কোন ধরনের উপহার বা সৌজন্য উপহার গ্রহণ করতে পারবেন না। এ বিষয়ে অফিস আদেশ জারি করতে হবে। বাস্তবায়নে: পিপিআর অনুবিভাগ।
৯. Feedback Seminar-এর নতুন নাম চূড়ান্তকরণ।	পূর্বে গৃহীত Lessons-Learning Workshop-নাম সংশোধন করে Lessons Learned Workshop নাম চূড়ান্ত করা হলো।
১০. কোর্সসমূহের Foreign Exposure Visit-এর Briefing.	বিদেশ সফরের কমপক্ষে এক সপ্তাহ পূর্বে Briefing সম্পন্ন করতে হবে। Academic ও Non-Academic সকল বিষয় অন্তর্ভুক্ত করে Comprehensive Briefing এর ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে: কোর্স প্রশাসন ও পরিচালক (পিপিআর)।
১১. অনুষদ সদস্যদের বিভিন্ন কোর এরিয়াতে বিভক্ত করা।	বিপিএটিসি-এর প্রশিক্ষণ কার্যক্রম, প্রশিক্ষণ-ব্যবস্থাপনা, গবেষণা-প্রকাশনা ইত্যাদি ক্ষেত্রে কার্যকারিতা বৃদ্ধির জন্য অনুষদ সদস্যদের সেশন পরিচালনা, গবেষণা ইত্যাদি বিষয়ে Involvement-এর ভিত্তিতে নিম্নলিখিত তিনটি Core-area তে বিভক্ত করা যেতে পারে। ক. Instructional খ. Research and Publication গ. Course Management বাস্তবায়নে: পিপিআর অনুবিভাগ।
১২. ১লা বৈশাখ উদ্‌যাপন সংক্রান্ত।	কেন্দ্রের অফিসার্স ক্লাব, লেডিস ক্লাব ও কর্মচারী ক্লাব পৃথকভাবে অথবা সম্মিলিতভাবে ১লা বৈশাখ উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে। ১লা বৈশাখ অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের উপস্থিতি বাধ্যতামূলক নয় তবে কোন প্রশিক্ষণার্থী ইচ্ছা পোষণ করলে আয়োজিত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। বাস্তবায়নে: অফিসার্স ক্লাব ও লেডিস ক্লাব।
১৩. Achieving Sustainable Development Goals in Bangladesh-শীর্ষক সংক্ষিপ্ত কোর্সের আয়োজন।	বাহিরের প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণার্থী আহবান এবং কেন্দ্রের অনুষদ সদস্যদের সংশ্লিষ্ট করে সপ্তাহব্যাপী প্রশিক্ষণ কোর্সটি আয়োজন করতে হবে। বর্ণিত কোর্সটি কেন্দ্রের নিয়মিত সংক্ষিপ্ত কোর্স হিসেবে গণ্য হবে। ড. মোঃ মিজানুর রহমান, পরিচালক উক্ত কোর্সের কোর্স পরিচালক হিসাবে দায়িত্ব পালন করবেন। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) এবং সংশ্লিষ্ট কোর্স ম্যানেজমেন্ট টিম।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১৪. অনুষদ সদস্যবৃন্দের নিজ নিজ অধিবেশনের সংশ্লিষ্ট Outline প্রেরণ।	অনুষদ সদস্যগণ যে যে বিষয়ে অধিবেশন পরিচালনা করেন উক্ত বিষয়/বিষয়সমূহের Outline পিপিআর অনুবিভাগে প্রেরণ করবেন। অতিথি বক্তাদের ক্ষেত্রে মডিউল পরিচালক সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন। পিপিআর অনুবিভাগ এই বিষয়ে তত্ত্বাবধান করবে। বাস্তবায়নে: সকল অনুষদ সদস্য, মডিউল পরিচালকগণ ও পরিচালক (পিপিআর)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ০৭/০৫/২০১৮
(ড. এম আসলাম আলম)
রেক্টর (সিনিয়র সচিব)

নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০৫৮.১৭.২৭১ তারিখ: ১৮ মে ২০১৮

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২। রেক্টর (সিনিয়র সচিব)-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংশ্লিষ্ট নথি।

১৮.০৫.২০১৮
(মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
পরিচালক (পিপিআর)
ইন্টারকম: ৪১১৫